

গ্রাম স্বাস্থ্য পুষ্টি দিবস (ভি.এইচ.এন.ডি.)

সূচনা:

- ❖ গ্রাম স্বাস্থ্য পুষ্টি দিবস হল মানুষের স্বাস্থ্য পরিষেবা এবং সুসংহত শিশু বিকাশ পরিষেবা সুযোগ পেতে একটি অভিন্ন প্ল্যাটফর্ম।
- ❖ প্রতিমাসে একটি সুনির্দিষ্ট দিনে, সুনির্দিষ্ট সময়ে এবং সুনির্দিষ্ট জায়গায় এর আয়োজন করা হয়।
- ❖ এর লক্ষ্য হল গর্ভবতী মহিলা, স্তন্যদাত্রী, শিশু (শূন্য থেকে পাঁচ বছরের) এবং কিশোরীদের অপরিহার্য এবং সার্বিক স্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত পরিষেবা প্রদান।
- ❖ গভীর সংকটাপন্ন শিশু এবং গর্ভবতী মহিলাদের শুরুতে নিবন্ধিকরণ এবং চিহ্নিতকরণের কাজ এই প্ল্যাটফর্ম সুনিশ্চিত করে।
- ❖ সমাজের কাছে পরিষেবা প্রদানকারীদের যোগসূত্র গড়ে তুলতে এটা একটি কার্যকরী প্ল্যাটফর্ম বলে বিবেচিত হয়।



গ্রাম স্বাস্থ্য পুষ্টি দিবস সফল করতে আমাদের কি করণীয়



- ❖ নিম্নলিখিত বিষয়ে তালিকা তৈরী করে গ্রাম স্বাস্থ্য পুষ্টি দিবসে সেগুলির উপস্থিতি সুনিশ্চিত করুন।
 - সন্তানসম্ভবা মহিলাদের তাদের প্রসব পূর্ববর্তী ও পরবর্তী যত্ন দরকার।
 - এখন মহিলাদের অঙ্গনওয়াড়ি কেন্দ্রে অন্ততঃ একবার প্রয়োজনে বারংবার আসা দরকার।
 - শিশু যাদের পরবর্তী টিকাকরণ দরকার।
 - পুষ্টিজনিত অভাবে ভোগা শিশুদের।
 - যক্ষ্মা রোগাক্রান্ত, যাদের নিরাময়কারী ওষুধ চলছে।
 - যাদের গায়ে জ্বর রয়েছে অথচ ডাক্তার দেখাতে হয়নি।
 - দম্পতি যাদের গর্ভ নিরোধক বন্ডি বা পরামর্শের প্রয়োজন আছে।
 - অন্য যে কেউ যে সহায়ক সেবিকাসঙ্গে দেখা করতে চায়।
- ❖ বিশেষ করে এমন পরিবারগুলিকে চিহ্নিত করুন যারা যাবাবর জীবনযাপন করে বা অস্থায়ী আস্তানায় থাকে, দুর্দশাগ্রস্ত বা প্রান্তিক। তাদের উপস্থিতি নিশ্চিত করুন।
- ❖ শুরুতেই সহায়ক সেবিকা এবং স্বীকৃত সামাজিক স্বাস্থ্যকর্মীর মধ্যে সংযোগ রক্ষা করুন।

পুষ্টি এবং স্বাস্থ্য শিক্ষা সত্রে বিষয়সমূহ

- সন্তানসম্ভবা মহিলাদের যত্ন, বিপদসংকেত, স্বাস্থ্য প্রতিষ্ঠানে প্রসব করানো, সন্তান জন্মপরবর্তী যত্ন।
- নবজাতকের আবশ্যিকীয় পরিচর্যা।
- কিশোরীদের প্রতি যত্নশীলতা।
- শিশুদের স্বাস্থ্য ও পুষ্টি পরিচর্যা।
- বৃদ্ধির হার পরীক্ষা এবং স্বাভাবিক ওজনের চেয়ে অনেক কম ওজনের বাচ্চাদের ওপর নজরদারী।
- শিশুর স্বাস্থ্য এবং পুষ্টি।
- প্রতিরোধ এবং ডায়েরিয়া বা উদরাময়ের চিকিৎসা।
- নির্বিঘ্ন প্রসব।
- নবজাতকের যত্ন।
- সদ্য শিশু এবং বালক-বালিকাদের খাদ্যাভ্যাস।
- শিশু রোগ প্রতিরোধ ও পরিচালন ব্যবস্থা।
- টিকাকরণের গুরুত্ব।
- পরিবার পরিকল্পনা।
- মহিলা এবং শিশু বিকাশে সরকারী পরিষেবার সুযোগ।
- ব্যক্তিগত স্বাস্থ্যবিধি রক্ষা এবং আবর্জনা দূরীকরণ।
- বেটি বাঁচাও বেটি পড়াও প্রকল্প/লিঙ্গ বৈষম্য দূরীকরণ।
- মা ও শিশুর সুরক্ষা কার্ড প্রভৃতি।



অংগনওয়াড়ি কর্মীদের ভূমিকা ও দায়িত্ব

- ❖ অংগনওয়াড়ি কেন্দ্র পরিষ্কার পরিচ্ছন্ন নিশ্চিত করণ।
- ❖ গ্রাম স্বাস্থ্য পুষ্টি দিবস বিশুদ্ধ পানীয় জলের সরবরাহ নিশ্চিত করণ।
- ❖ প্রসূতি হওয়ার পূর্বকালীন পরিষ্কার জন্য আড়াল স্থান বা সুরক্ষিত স্বাস্থ্য নির্বাচন নিশ্চিত করণ।
- ❖ পর্যাপ্ত সংখ্যায় মা ও শিশু সুরক্ষা কার্ড রাখা।
- ❖ স্বীকৃত সামাজিক স্বাস্থ্যকর্মী এবং সহায়ক সেবিকা-এর মধ্যে সমন্বয়সাধন।
- ❖ শূন্য থেকে ছ বছর বয়সী শিশুর বৃদ্ধির হার পরিচালন।
- ❖ সব শিশুর সম্পূরক পুষ্টি বিতরণ।
- ❖ স্থানীয় ব্যবহারিক সাহায্য এবং কালক্রমিক ক্যালেন্ডারের সাহায্যে পুষ্টি এবং স্বাস্থ্য শিক্ষা পরিচালন।
- ❖ স্বাভাবিক ওজন অপেক্ষা বহুলাংশে কম ওজন সম্পন্ন শিশুদের নিদানিক চিহ্ন দিয়ে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, কমিউনিটি স্বাস্থ্যকেন্দ্র এবং জাতীয় গবেষণাকেন্দ্র-তে পাঠানো।

